# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৭০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - সাত্‌র (সতর)

আরবী

وَعَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ قَالَ: صَلَّى جَابِرٌ فِي إِزَارٍ قَدْ عَقَدَهُ مِنْ قِبَلِ قَفَاهُ وثيابه مَوْضُوعَة على المشجب قَالَ لَهُ قَائِلٌ تُصَلِّي فِي إِزَارٍ وَاحِدٍ فَقَالَ إِنَّمَا صَنَعْتُ ذَلِكَ لِيَرَانِي أَحْمَقُ مِثْلُكَ وَأَيُّنَا كَانَ لَهُ ثَوْبَانِ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

৭৭০-[১৭] মুহাম্মাদ ইবনু মুনকাদির (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা জাবির ইবনু ’আবদুল্লাহ (রাঃ) আমাদের সাথে এক কাপড়ে সালাত আদায় করলেন। তিনি তা গিরা লাগিয়ে পিছনে ঘাড়ের উপর বেঁধে রেখেছিলেন। তখন তার অন্যান্য কাপড় খুঁটির উপর রাখা ছিল। একজন তাকে জিজ্ঞেস করলো, আপনি এক লুঙ্গিতেই সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন (অথচ আপনার আরও কাপড় ছিল)? উত্তরে তিনি বললেন, তোমার মতো আহাম্মককে দেখাবার জন্য আমি এ কাজ করেছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কালে আমাদের কার কাছেই বা দু’টি কাপড় ছিল? (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৫২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘‘আল মিশজাব’’ হলো তিন পায়া বিশিষ্ট তাক অথবা আলনা, যার তিন মাথা একত্রে মিলিত থাকে এবং পায়াগুলোর মাঝে ফাঁকা থাকে। এর উপরে কাপড় রাখা হয়। কখনো তাতে পানি ঠাণ্ডা করার জন্য মশক বা পানির পাত্র ঝুলিয়ে রাখা হতো।

সহীহ মুসলিমের বর্ণনা মতে জিজ্ঞাসাকারী ব্যক্তি ছিলেন ‘উবাদাহ্ ইবনুল ওয়ালীদ ইবনু ‘উবাদাহ্ ইবনুস্ সামিত।

জাবির (রাঃ) বলেন, আমি ঘাড়ের উপর ইযার গিট দিয়ে এবং অন্য কাপড় তাকের উপর রেখে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের জন্য করেছি যেন তোমার মতো আহাম্মক ব্যক্তি দেখে শিখতে পারে। এখানে আহাম্মক দ্বারা জাহিল সংশ্লিষ্ট বিষয়ে অজ্ঞ ব্যক্তিকে বুঝানো হয়েছে। এ কথার দ্বারা জানানো হচ্ছে যে, এরূপ করা বৈধ।

হাদীসের শেষ অংশের দ্বারা অর্থ হলো, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে সাহাবীগণের অধিকাংশের আর্থিক দৈন্যের পরিচয় মেলে। এজন্যে দু’টি কাপড় সংগ্রহ করে তাতে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় বাধ্যতামূলক ছিল না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55329

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন